দৈনিক বাংলা
দৈনিক বাংলা

তারিখ 12 SEP 1987
পৃষ্ঠা 5 কলাম 1

দৈনিক বাংলা

ঢাকা : শনিবার, ২৬শে ভাদ্র, ১৩৯৪ : ১২ই সেপ্টেম্বর, ১৯৮৭

# শিক্ষা ক্ষেত্রে জালিয়াতি

মহানগরী পুলিশের গোয়েন্দা শাখা মার্কশীট এবং বিভিন্ন পরীক্ষার সার্টিফিকেট জালকারীদের একটি দলকে বমাল গ্রেফতার করেছেন। একটি দলের আটজন জালিয়াত গ্রেফতার হওয়া এবং বিভিন্ন পরীক্ষার জাল মার্কশীট, সার্টিফিকেট আর প্রশংসাপত্র উদ্ধার পাওয়া অবশ্যই উৎসাহব্যঞ্জক ঘটনা। তবে এটুকুই পর্যাপ্ত কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। মাত্র আটজনকে পাকড়াও করে তাই সমস্যার সুরাহা কামনা করা যায় না। পাকড়াও করার এ ধারা অব্যাহত রাখলে জালিয়াতরূপী এই জঘন্য ব্যাধির হাত থেকে রেহাই পাওয়ার একটা পথ তৈরি হতে পারে।

জালিয়াতির রকম ফের আছে। তাদের ইতিহাসে দৈর্ঘ্যের তারতম্য আছে। এদিক থেকে মার্কশীট আর সার্টিফিকেট জাল করার জালাও কারবার তুলনামূলকভাবে নতুন সংযোজন। তুলনামূলকভাবে নতুন হলেও ক্ষতিকর প্রভাবের দিক থেকে এ অপকর্মটি বহু অনাচারকেই ছাড়িয়ে গেছে। এর মূলোৎপাটন অপরিহার্য।

বহু সমস্যা জর্জরিত আমাদের শিক্ষা ব্যবস্থার মেরুদণ্ড নিশ্চিহ্ন করে দিতে চলেছে এই জাল মার্কশীট, সার্টিফিকেট আর প্রশংসাপত্রের জালাও কারবার। এর দ্বারা শিক্ষার তো নয়ই। শিক্ষার্থীরও কোনো কল্যাণ হয় না। জাল উপকরণ একটা পর্যায়ে সহায়ক হলেও পরে তা বিপুলতর সমস্যা তৈরি করে শিক্ষার্থীর জীবনকেই বিষময় করে তোলে এমন নজীরের অভাব নেই। শিক্ষার মান আর সনদের বিশ্বাসযোগ্যতার প্রশ্ন নাই বা টানলাম। অভিজ্ঞতায় দেখা গেছে এই অপকর্মটির সঙ্গে প্রায়ই শিক্ষা সংশ্লিষ্ট কিংবা তথাকথিত শিক্ষিত ভদ্রলোক শ্রেণীই জড়িত থাকেন। আমরা মনে করি। ধরা পড়া প্রতিটি ঘটনা অন্তর ব্যক্তির পরিচয় বিস্তারিত প্রকাশ করে এর বিরুদ্ধে একটা পরোক্ষ সামাজিক প্রতিরোধ গড়ে তোলা সম্ভব।

পরীক্ষা সংক্রান্ত জালিয়াতি প্রসঙ্গে আরো কয়েকটি বিষয় বিবেচনায় আনা উচিত। একটি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সনদকে যদি পরবর্তী পর্যায়ে শিক্ষার অধিকার বলে স্বীকার করা হয়, অতীতে তাই ছিলো এবং সর্বযুক্তিতেই তাই হওয়া উচিত। আমরা মনে করি মার্কশীট জালিয়াতির এতেই সমাপ্তি ঘটতে পারে। শিক্ষাপ্রতিষ্ঠান প্রদত্ত সনদের বাস্তবমূল্য হ্রাস পাওয়াই এ অনাচারকে উৎসাহিত করছে এমন দাবী এক কথায় উড়িয়ে দেয়া যায় না। অন্যদিকে প্রযুক্তিগত উন্নতির এ যুগে জালিয়াতির কাজটা যেমন তুলনামূলকভাবে সহজ হয়েছে, তেমনি উন্নততর প্রযুক্তি অবলম্বন করে জালিয়াতির অবকাশ নির্মূল করাও একেবারে অসম্ভব হওয়ার কথা নয়। শিক্ষা কর্তৃপক্ষ এ সম্ভাবনাটি যাচাই করে দেখতে পারেন।